



গবিতে চট্টগ্রাম বিভাগীয় শিক্ষার্থী কল্যাণ সমিতির নেতৃত্বে রাফি-মানিক



ছবি: লেঙ্গ এশিয়া

গণ বিশ্ববিদ্যালয়-এ অধ্যয়নরত চট্টগ্রাম বিভাগের শিক্ষার্থীদের সমন্বয়ে ‘চট্টগ্রাম বিভাগীয় শিক্ষার্থী কল্যাণ সমিতি-গবি’ আত্মপ্রকাশ করেছে। নবগঠিত কমিটিতে সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন ভেটেরিনারি এন্ড এনিমেল সাইন্স বিভাগের শিক্ষার্থী আব্দুল্লাহ আল রাফি এবং সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পেয়েছেন বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগের শিক্ষার্থী রিদ্ওয়ানুল ইসলাম মানিক।

বৃহস্পতিবার (১১ মার্চ) বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান ও অ্যালামনাইদের উপস্থিতিতে এক বছর মেয়াদি এই পূর্ণাঙ্গ কমিটির ঘোষণা করা হয়। একই অনুষ্ঠানে নবনির্বাচিতদের আনুষ্ঠানিক দায়িত্ব প্রদান করা হয়।

পূর্ণাঙ্গ কমিটিতে সিনিয়র সহসভাপতি হিসেবে দায়িত্ব পেয়েছেন কাজী আতাহার হোসেন। সহসভাপতি হিসেবে আছেন রানা হোসেন, জীবন কৃষ্ণ নাথ ও সায়েদা ফারজানা। যুগ্ম সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করবেন সাইমুম ইসলাম ইমন, মো. শাহাবুদ্দিন ও তানভীর হোসেন। সাংগঠনিক সম্পাদক হিসেবে মাহমুদুল হাসান রিফাত এবং সহ-সাংগঠনিক সম্পাদক হিসেবে মোহাম্মদ ইমাম হাসান দায়িত্বে রয়েছেন।

এছাড়া কোষাধ্যক্ষ হিসেবে উৎস রায় চৌধুরী, প্রচার ও প্রকাশনা সম্পাদক হিসেবে মোহাম্মদ ওমর সানি, দপ্তর সম্পাদক হিসেবে সাকিব রেজা তাসনি, সাংস্কৃতিক সম্পাদক হিসেবে সৌরভ কান্তি নাথ, জনসংযোগ সম্পাদক হিসেবে প্রিন্স সন্ড্রাট মোস্তাকিম এবং আদিবাসী সম্পাদক হিসেবে নুমংউ মারমা দায়িত্ব পালন করবেন।

কমিটির সদস্য হিসেবে রয়েছেন অনিল চন্দ্র ঋষী, আবু হানিফ নিশাত, আসমা আক্তার শান্তা, শাহরিয়ার তানভির, মুহতাসিম তাজওয়ার সিকদার, মোহাম্মদ আবদুল্লাহ, উম্মে সুলতানা সাদিয়া, মোঃ শাম জাওয়াদ খান আদিল ও ইসমাইল আল রাজি।

সিনিয়র অ্যালামনাইদের মতে, "আমরা যখন গ্র্যাজুয়েশন শেষ করেছিলাম, তখন কোনো আঞ্চলিক সংগঠন ছিল না। যার কারণে জব পেতে অনেক কষ্ট হয়েছে। আজ আমরা সফলভাবে নিজ নিজ ক্যারিয়ার গড়ে তুলেছি, তাই চাই পরবর্তী প্রজন্মের জন্য জব প্লেসমেন্ট সহ যেকোনো সমস্যা সমাধান করতে।"

আত্মপ্রকাশের পর সংগঠনের সাধারণ সম্পাদক রিদ্ওয়ানুল ইসলাম মানিক বলেন, “গণ বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত চট্টগ্রাম বিভাগের শিক্ষার্থীদের নিয়ে গঠিত এই অরাজনৈতিক সংগঠনটি শিক্ষার্থীদের দক্ষতা উন্নয়ন, ক্যারিয়ার সহযোগিতা এবং পারস্পরিক সহমর্মিতার একটি মজবুত প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে। একই সাথে শিক্ষার্থীদের একাডেমিক সহায়তা প্রদানেরও জন্য সেতুবন্ধন হিসেবে কাজ করবে।”

উল্লেখ্য, ২০২৩ সালের ১৯ আগস্ট চট্টগ্রাম বিভাগীয় শিক্ষার্থী কল্যাণ সমিতি-গবি প্রতিষ্ঠিত হয়।